NYC KiDS RiSE™ | Save for College Program

# 529 Plan অ্যাকাউন্টটি কী?

## 529 529 Plan অ্যাকাউন্টটি কী?

529 Plan অ্যাকাউন্ট হল এক ধরণের বিনিয়োগ সম্পর্কিত অ্যাকাউন্ট যা বিশেষভাবে **পরিবারের সদস্যদের উচ্চশিক্ষার জন্য সঞ্চয় করতে সাহায্য করার** উদ্দেশ্যে তৈরি করা হয়েছে। একটি 529 Plan অ্যাকাউন্টে অর্থ সময়ের সাথে-সাথে বৃদ্ধি পেতে পারে। তবে, একটি 529 অ্যাকাউন্টে অর্থ বৃদ্ধির নিশ্চয়তা নেই এবং মূল্য কমেও যেতে পারে। NY 529 *Direct Plan* হল একটি 529 কলেজ সেভিংস প্ল্যান, যা নিউ ইয়র্ক স্টেট কম্পট্রোলারের অফিস (Office of the Comptroller of the State of New York) এবং নিউ ইয়র্ক হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশন (New York Higher Education Services Corporation) দ্বারা পরিচালিত হয়।

## NYC স্কলারশিপ অ্যাকাউন্টটি কী?

সেভ ফর কলেজ প্রোগ্রাম (Save for College Program)-এর মাধ্যমে **নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYC public schools)-এ নথিভুক্ত হওয়া প্রত্যেক কিন্ডারগার্টেন শিক্ষার্থী** (অংশগ্রহণকারী চার্টার স্কুলগুলি সহ) স্বয়ংক্রিয়ভাবে তাদের জন্য **প্রাথমিক $100 সহ একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট (NYC Scholarship Account)** প্রাপ্ত করে, যদি তাদের পিতামাতা বা অভিভাবকরা প্রোগ্রাম থেকে "অপ্ট আউট না করে থাকেন"। পরিবারগুলি পুরস্কার হিসাবে এই অ্যাকাউন্টের জন্য **$175 পর্যন্ত অতিরিক্ত স্কলারশিপের ফান্ড** উপার্জন করতে পারে, এবং কমিউনিটিগুলি প্রতিটি সন্তানের সাফল্যের জন্য তাদের কমিউনিটির সহায়তা প্রদর্শন করতে এই NYC স্কলারশিপ অ্যাকাউন্টগুলির গ্রুপগুলিতে অতিরিক্ত অর্থ প্রদান করতে পারে।

## 529 একটি NYC স্কলারশিপ অ্যাকাউন্ট এবং একটি 529 Plan অ্যাকাউন্টের মধ্যে কী সম্পর্ক রয়েছে?

একটি লাভের উদ্দেশ্যহীন সংস্থা NYC Kids RISE, অংশগ্রহণকারী শিক্ষার্থীদের তরফ থেকে স্কলারশিপ ফান্ডগুলির মালিক ও সেগুলি পরিচালনা করে, এবং NY 529 *Direct Plan*-এ ফান্ডগুলি বিনিয়োগ করে। আর্থিক বাজার এবং বিনিয়োগের কার্যকারিতার উপর নির্ভর করে NYC স্কলারশিপ অ্যাকাউন্টগুলি সময়ের সাথে-সাথে অর্থ লাভ করতে বা হারাতে পারে। **স্কলারশিপ ফান্ডগুলি একটি 529 Plan-এ বিনিয়োগ করা হয় যাতে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল (New York City public school)-এর সমস্ত শিক্ষার্থীদের কাছে তাদের কলেজ ও কেরিয়ারের ভবিষ্যতের লক্ষ্যগুলির জন্য একটি আর্থিক সম্পদ থাকে।** শিক্ষার্থীরা যখন উচ্চ বিদ্যালয়ে থাকবে, তখন তাদের এবং তাদের পিতামাতা বা অভিভাবকদের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট ব্যবহারের প্রক্রিয়া সম্পর্কে NYC Kids RISE তথ্য প্রদান করবে।

---

*NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম হল একটি স্কলারশিপ ও সঞ্চয় কর্মসূচী যা NYC শিক্ষা বিভাগ (NYC Department of Education) এবং নিউ ইয়র্ক সিটির সাথে অংশীদারীত্বে একটি লাভের উদ্দেশ্যহীন সংস্থা NYC Kids RISE Inc. দ্বারা পরিচালিত হয়। NYC Kids RISE, New York's 529 College Savings Program-এর সাথে সম্পর্কিত নয়, বা এটির অনুমোদিত পরিবেশনকারীও নয় এবং বিনিয়োগের অনুরোধ করে না বা বিনিয়োগের পরামর্শ প্রদান করে না। নিউ ইয়র্ক সিটি এবং NYC শিক্ষা বিভাগ (NYC Department of Education) NY 529 প্রোগ্রাম ম্যানেজার এবং কোনো নির্দিষ্ট কলেজ সঞ্চয় বা অন্যান্য বিনিয়োগের মাধ্যম সম্পর্কে কোনও প্রকার সমর্থন বা সুপারিশ প্রদান করে না এবং তা নিয়ন্ত্রণ করে না, এর মালিক নয় বা এর সাথে সম্বন্ধযুক্ত নয়, এর মধ্যে সেগুলিও অন্তর্ভুক্ত যেগুলি সম্পর্কে পরিবারগুলি সেভ ফর কলেজ প্রোগ্রামের মাধ্যমে জানতে পারে।*

NYC KiDS RiSE | Save for College Program

**529 Plan অ্যাকাউন্টটি কী?**

## NYC স্কলারশিপ অ্যাকাউন্টের অর্থগুলি কোথায় বিনিয়োগ করা হয়?

NYC স্কলারশিপ অ্যাকাউন্টের অর্থ New York's 529 College Savings Program *Direct Plan* দ্বারা প্রদত্ত একটি পোর্টফোলিওতে বিনিয়োগ করা হয় যা হচ্ছে **স্টক, বন্ড এবং স্বল্পমেয়াদী বিনিয়োগের একটি মিশ্রণ** (সম্পদ বরাদ্দকরণ)। নির্দিষ্টভাবে, NYC Kids RISE NYC স্কলারশিপ অ্যাকাউন্টগুলির অর্থ NY 529 *Direct Plan*-এর "টার্গেট এনরোলমেন্ট পোর্টফোলিও" ("Target Enrollment Portfolio")-তে বিনিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছে, যেখানে প্রত্যাশিত প্রতিটি অংশগ্রহণকারী গ্রেড কলেজে বা কেরিয়ার প্রশিক্ষণে ভর্তি হওয়ার বছরটির উপর ভিত্তি করে বিনিয়োগের সম্পদ বরাদ্দ করা হয়। টার্গেট এনরোলমেন্ট পোর্টফোলিওগুলির জন্য সম্পদ বরাদ্দকরণ সময়ের সাথে-সাথে প্রতি তিন মাসে স্বয়ংক্রিয়ভাবে সামঞ্জস্যকৃত হতে থাকে যাতে সুবিধাভোগী (Beneficiary) (আপনার সন্তান) স্নাতক হওয়ার কাছাকাছি আসার সাথে-সাথে আরও সঞ্চয়শীল হওয়া যায়। আর্থিক বাজার এবং বিনিয়োগের কার্যকারিতার উপর নির্ভর করে NYC স্কলারশিপ অ্যাকাউন্টগুলি সময়ের সাথে-সাথে অর্থ লাভ করতে বা হারাতে পারে। যখন আপনি আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট সক্রিয় করেন এবং সাশ্রয় ট্র্যাকারে তাদের অ্যাকাউন্ট দেখেন, তখন আপনি হয়তো অ্যাকাউন্টে থাকা অর্থের মূল্য বৃদ্ধি পাওয়া-কমে যাওয়া লক্ষ করবেন।

## NYC স্কলারশিপ অ্যাকাউন্টের অর্থ কী জন্য ব্যবহার করা যেতে পারে?

NYC স্কলারশিপ অ্যাকাউন্টের অর্থ NY 529 *Direct Plan*-এ বিনিয়োগ করা হয়। এই অর্থ যোগ্যতাসম্পন্ন প্রতিষ্ঠানগুলিতে বিভিন্ন ধরণের **উচ্চতর শিক্ষার যোগ্য খরচগুলির** জন্য ব্যবহার করা যেতে পারে। এই প্রতিষ্ঠানগুলির মধ্যে রয়েছে কমিউনিটি কলেজ, পেশাদার ও বৃত্তিমূলক স্কুল, যোগ্য শিক্ষানবিশ প্রোগ্রাম এবং অনলাইন ডিগ্রী প্রোগ্রামগুলি—মার্কিন যুক্তরাষ্ট্রে এবং দেশের বাইরে। যোগ্য খরচগুলির মধ্যে রয়েছে কলেজ বা কেরিয়ার প্রশিক্ষণ প্রোগ্রামে ভর্তি হওয়ার বা উপস্থিতি প্রদানের জন্য প্রয়োজনীয় টিউশন, ফি, বইপত্র, সরবরাহ এবং সরঞ্জামগুলি, যা প্রায়ই অন্যান্য স্কলারশিপগুলির আওতায় পড়ে না।

## আমার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট দিয়ে আমি কী-কী করতে পারি?

পরিবারগুলি তাদের সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্টের জন্য অতিরিক্ত পুরস্কার অর্জন করতে পারে। প্রথম তিনটি পুরস্কার হচ্ছে "3টি বিল্ডিং ব্লকস" সম্পন্ন করার জন্য। এই তিনটি পদক্ষেপ সেভ ফর কলেজ প্রোগ্রামের মাধ্যমে একটি দীর্ঘমেয়াদী অংশীদারীত্বের ভিত্তি স্থাপন করে, যা আপনার সন্তানের ভবিষ্যতের জন্য একসাথে সঞ্চয় করার উদ্দেশ্যে। আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্টে প্রাথমিক $100 ছাড়াও, NYC Kids RISE এই বিল্ডিং ব্লকস এর প্রতিটি সম্পূর্ণ করার জন্য আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্টে $25 করে পুরস্কার রাখবে:

- **বিল্ডিং ব্লক 1:** আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট অনলাইনে সক্রিয় করুন এবং দেখুন এখানে nyckr.org/stregister-529।
- **বিল্ডিং ব্লক 2:** আপনার নিজস্ব কলেজ এবং কেরিয়ার সেভিংস অ্যাকাউন্ট খুলুন এবং সংযুক্ত করুন: আপনার সন্তানের স্কলারশিপ অ্যাকাউন্টের সাথে সংযুক্ত করতে পারেন এমন দুটি বিকল্পের মধ্যে থেকে একটি বেছে নিন। আরও জানুন: nyckr.org/options-529।
- **বিল্ডিং ব্লক 3:** আপনার সংযুক্ত কলেজ এবং কেরিয়ার সেভিংস অ্যাকাউন্টে কমপক্ষে $5 জমা করুন।

আপনার সন্তানের প্রথম গ্রেডের প্রথম দিন থেকে, যে পরিবারগুলি 3টি বিল্ডিং ব্লকসের সমস্ত কাজ সম্পন্ন করেছে তারা **সেভিংস ম্যাচ** পুরস্কারের জন্য যোগ্য। NYC Kids RISE আপনার সংযুক্ত কলেজ ও কেরিয়ার সেভিংস অ্যাকাউন্টে আপনার জমা করা প্রতি ডলারের জন্য সর্বোচ্চ $100 পর্যন্ত সমপরিমাণ ডলার জমা করবে। 3টি বিল্ডিং ব্লকস (মোট $75) এবং সেভিংস ম্যাচ ($100) পুরস্কারগুলি পঞ্চম গ্রেড পর্যন্ত উপলব্ধ।

**আমার যদি এখনও প্রশ্ন থাকে তাহলে আমার কোথায় যাওয়া উচিত?**

NYC Kids RISE-কে 833-543-7473 নম্বরে কল করুন অথবা info@nyckidsrise.org-এ আমাদের ইমেইল করুন।

nyckr.org/faq-529